

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৭৪.০০২.০১.০০.০০৪.২০১৩-৪১৯

তারিখ : ১২.১১.২০১৩ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঁজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” কর্মসূচির অনুকূলে
বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ১,১০,৭২,৩৮৬.০০ (এক কোটি দশ লক্ষ বাহাত্তর হাজার তিনশত ছিয়াশি)
টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি’র আওতায় “ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট”
(কোড নং-৫৪৮০) কর্মসূচীর অনুকূলে ২০১৩-২০১৪ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতে ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত
১২৭৫০.০০ লক্ষ (রাজস্ব-২৫০.০০ লক্ষ+মূলধন-১২৫০০.০০ লক্ষ) টাকা হতে ৫-২৭০১-৫৪৮০-৪৮৪০ কোড হতে আগামী
১৩.১১.২০১৩ হতে ২৯.১১.২০১৩ পর্যন্ত ASCL, Hyderabad, India তে Procurement procedures for the
World Bank aided projects শীর্ষক প্রশিক্ষণে অংশ গ্রহণের নিমিত্ত মোট ০৮ জন কর্মকর্তার এবং আগামী
২৩.১১.২০১৩ হতে ১৩.১২.২০১৩ পর্যন্ত SETYM International মালয়েশিয়াতে Procurement management
for Goods and Services শীর্ষক প্রশিক্ষণে অংশ গ্রহণের নিমিত্ত মোট ০৯ জন কর্মকর্তার অর্থাৎ মোট ১৭ জন কর্মকর্তার
বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ১,১০,৭২,৩৮৬.০০ (এক কোটি দশ লক্ষ বাহাত্তর হাজার তিনশত ছিয়াশি) টাকা অগ্রিম উত্তোলনে
নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি।

তার শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অবায়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে/৩০ শে জুন এর মধ্যে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (ঘ) আরপিএ (জিওবি) বাবদ ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (চ) অগ্রিম অর্থ অপারেশনাল প্লান (ওপি) অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কার্যক্রম সম্পাদনের জন্য ব্যয় করতে হবে;

২ এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি’র “ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” (কোড নং-৫৪৮০) অপারেশনাল প্লানের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের আরপিএ (জিওবি) হিসাবের প্রদত্ত অর্থের ৫-২৭০১-৫৪৮০-৪৮৪০ কোড হতে সংকুলান করা হবে।

৩ অর্থ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।


(হুমায়রা সুলতানা)
উপ-সচিব
ফোন : ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৭.০০.০১৭.২০১১-৪৩৫

তারিখ : ২০.১১.২০১৩ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বতন্ত্র স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং” (কোড নং-৫-২৭০১-৫৫১০) প্রোগ্রামের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ২য় কিস্তি বাবদ ৬.২৫ লক্ষ (ছয় লক্ষ পঁচিশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২৫.০৭.২০১৩ তারিখের ৪৫.১৭৪.০০২.১৭.০০.০১৭.২০১১-২৯০ সংখ্যক স্মারকে বর্ণিত অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে “সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং” (কোড নং-৫-২৭০১-৫৫১০) শীর্ষক প্রোগ্রামের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে নিম্নরূপে ২য় কিস্তি বাবদ মোট ৬.২৫ লক্ষ (ছয় লক্ষ পঁচিশ হাজার) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারী করা হয়েছেঃ


(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭০১)	“সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং” (কোড নং-৫-২৭০১-৫৫১০)	অনুমোদিত	২য় কিস্তির জিওবি অর্থ	৫.০০	১.২৫	৬.২৫

তবে শর্ত থাকে যে,

- এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণ করতে হবে ;
- এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭০১) এর এইচপিএনএসডিপি’র “সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং” (কোড নং-৫-২৭০১-৫৫১০) হতে বহন করা হবে ;
- পরবর্তী কিস্তি ছাড়ের প্রস্তাবের সঙ্গে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতাপর্ন করা হয়েছে সেই অনুযায়ী জারী করা হলো।


(হুমায়রা সুলতানা)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-